# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩৯

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «سَيِّدُ إِدَامِكُمُ الْمِلْحُ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ

বাংলা

৪২৩৯-[৮১] আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের প্রধান তরকারী হলো লবণ। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ৩৩১৫, শু‘আবুল ঈমান লিল বায়হাক্বী ৫৭২৯, আল মু‘জামুল আওসাত্ব ৮৮৫৪।

এটি য‘ঈফ হওয়ার কারণ হলো এর সনদে আছে ‘‘ঈসা ইবনু আবূ ‘ঈসা আল বাদরী’’। ইনি একজন য‘ঈফ বর্ণনাকারী। দেখুন- আল মাকাসিদুল হাসানাহ্ ফীমা ইশতাহারা আলাল আলসিনাহ্ হাঃ ৫৭৫, য‘ঈফুল ‘জামি‘ ৩৩১৫, আল জামি‘উস্ সগীর ৭০৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ লবণ তরকারীর মূল, এটা এ কারণে যে, রুটি কিংবা পাকানো খাদ্য লবণ ছাড়া স্বাদ হয় না। আর লবণ ছাড়া তরকারী প্রস্তুত করাটা অনর্থক ও নিস্প্রয়োজন। অতএব এ মহান নি‘আমাতের উপরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সতর্কবাণী রয়েছে যে, অধিকাংশ মানুষ বড় নি‘আমাতের বিষয়ে পূর্ণ অবগত হয়েও আল্লাহ তা‘আলার কৃতজ্ঞতা প্রকাশ করা থেকে উদাসীন রয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 󠁿 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74962

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন